



আগস্ট 2017

প্রিয় সেবাপ্রদানকারী/প্রোগ্রাম:

David A. Hansell
কমিশনার

Lorelei A. Vargas, MPP, MA
ডেপুটি কমিশনার
প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা

66 John Street/8th Floor
New York, New York 10038

www.nyc.gov/acs

একজন শিশু পরিচর্যা সহায়তা প্রদানকারী হিসাবে আপনার উপস্থিতি নথিবদ্ধ করা আপনার দায়িত্বের একটি গুরুত্বপূর্ণ অংশ। সেটি মাথায় রেখে, শিশু পরিষেবা প্রশাসন (Administration for Children's Services, ACS) পদ্ধতিটিকে যতটা সম্ভব সরল, দক্ষ এবং নির্ভুল করে তুলতে বদ্ধপরিকর।

এই পত্র উপস্থিতিপত্র জমা দেওয়ার পদ্ধতির দুটি আসন্ন পরিবর্তন সম্পর্কে কিছু তথ্য প্রদান করে।

পরিবর্তনগুলি

- *উপস্থিতির সময় গণনা:* উপস্থিতি আর পূর্ণ-সময় বা অর্ধ-সময় হিসাবে গণনা করা হবে না। স্টেট আইন এবং নিউইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা কার্যালয় (New York State Office of Children & Family Services, OCFS) এর আদেশ মেনে, একটি শিশুর আপনার প্রোগ্রামে প্রবেশ করা থেকে প্রোগ্রাম ছেড়ে বেড়িয়ে যাওয়া পর্যন্ত সময় অনুযায়ী আপনাকে তার উপস্থিতি অনুসরণ করতে হবে।

- *অনলাইন পদ্ধতি:* উপস্থিতি নথিবদ্ধ করতে একটি কাগজের উপস্থিতির ফর্ম বা ফোনের পরিবর্তে, এখন আপনি একটি কম্পিউটার, স্মার্টফোন, বা ট্যাবলেট ডিভাইসের মাধ্যমে একটি ওয়েবসাইটে লগ ইন করতে পারবেন। এই পদ্ধতিটিকে বলা হয় শিশু পরিচর্যা সময় ও উপস্থিতি (Child Care Time & Attendance, CCTA)।

সুবিধাগুলি

- *কোনও পেপার ওয়ার্ক নেই:* উপস্থিতি কাগজে নথিবদ্ধ করে জমা না দিয়ে, আপনি ইলেকট্রনিকভাবে উপস্থিতি জমা দিতে পারবেন, যা প্রিন্ট করা এবং ডাকযোগে পাঠানোর প্রয়োজনীয়তা দূরীভূত করবে।

- *আরও নির্ভুল এবং দ্রুততর পেমেন্ট:* অনলাইন পদ্ধতিটি উপস্থিতি নথিভুক্তকরণের ভুল হ্রাস করবে, সংশোধন করার মত ভুলের সংখ্যা কমে যাওয়ায় পদ্ধতিটি পেমেন্টকে আরও দ্রুত প্রক্রিয়াকরণ করতে সমর্থ করবে।

এখন আমার জন্য এটির অর্থ কী?

- এসিএস (ACS) আপনাকে না জানানো পর্যন্ত উপস্থিতি জমা করতে আপনি উপস্থিতির কাগজে ফর্ম জমা দেওয়া বা ফোনের মাধ্যমে উপস্থিতি নথিবদ্ধ করা অব্যাহত রাখবেন।
- ইন্টারনেটের সাথে সংযুক্ত হতে আপনার একটি ডিভাইস লাগবে। এটি একটি স্মার্টফোন, একটি ট্যাবলেট, যেমন- একটি iPad, বা একটি কম্পিউটার, বা একটি ল্যাপটপ হতে পারে।
- এসিএস প্রশিক্ষণ এবং সহায়তা প্রদান করবে।
- এসিএস কে পদ্ধতিটি পরীক্ষা করতে সহায়তা করার জন্য কিছু সেবাপ্রদানকারী এবং প্রোগ্রামের সাথে যোগাযোগ করা হবে।

এর পরে কি হবে?

- বেশিরভাগ সেবাপ্রদানকারী এবং প্রোগ্রামের জন্য, 2018 তে আপনি নতুন শিশু পরিচর্যার সময় ও উপস্থিতি (Child Care Time & Attendance ,CCTA) পদ্ধতি ব্যবহার করা শুরু করবেন।
- সেবাপ্রদানকারী এবং প্রোগ্রামের একটি ছোট দলের জন্য, আমাদের পাইলট প্রোগ্রামের অংশ হিসাবে নতুন শিশু পরিচর্যা সময় ও উপস্থিতি পদ্ধতিটি 2017-র শেষের দিকে কার্যকর করা হবে।
- আপনি আমাদের পাইলট প্রোগ্রামের জন্য উপযুক্ত কিনা তা আমরা আপনাকে জানাব।
- এসিএস প্রশিক্ষণ প্রদান করবে। সঠিক তারিখগুলি অনুসরণ করতে হবে।

আমি অনলাইনে উপস্থিতি জমা করতে না পারলে কি হবে?

- যে সমস্ত সেবাপ্রদানকারী এবং প্রোগ্রামের ইন্টারনেট অ্যাক্সেস নেই বা অক্ষমতা বা ধর্মীয় অনুষ্ঠান পালনের মত কারণগুলির জন্য অনলাইনে উপস্থিতি জমা করতে পারবেন না, তাঁরা কাগজের ফর্ম বা ফোনের মাধ্যমে উপস্থিতি জমা দেওয়া অব্যাহত রাখবেন।

আপডেটগুলি পাওয়া

- এসিএস আপনাকে সিসিটিএ সম্পর্কে নিয়মিত আপডেট করবে। **আপডেট এবং বারংবার জিজ্ঞাসিত প্রশ্নগুলির উত্তরের জন্য www.nyc.gov/acs/ccta দেখুন।** ভবিষ্যতে প্রশিক্ষণের এবং অন্যান্য তথ্য এই সিসিটিএ ওয়েবসাইটে পাওয়া যাবে।
- আপনার সর্বসাম্প্রতিক যোগাযোগের তথ্য আমাদের কাছে আছে এটি নিশ্চিত করতে অনুগ্রহ করে (<https://www.surveymonkey.com/r/ProviderDetail>) এই লিঙ্কটি ব্যবহার করুন।

- সময় অনুসারে এবং অনলাইন পদ্ধতির মাধ্যমে উপস্থিতি নথিবদ্ধ করার এই পরিবর্তনটিতে আপনাকে সহায়তা করতে এসিএস বদ্ধপরিকর। আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে ccta@acs.nyc.gov-এ যোগাযোগ করুন বা 1-212-835-7610 নম্বরে আমাদের কল সেন্টারে ফোন করুন।

বিনীত,

Lorelei Vargas

ডেপুটি কমিশনার Deputy Commissioner

প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা বিভাগ Division of Early Care & Education

Susan Nuccio

ডেপুটি কমিশনার Deputy Commissioner

অর্থসংক্রান্ত বিভাগ Division of Finance